মেহেরপুরে ১০ রাত ব্যাপি যাত্রা উৎসবের উদ্বোধন

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে ১০ রাত ব্যাপি যাত্রা উৎসবের উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে ও জেলা শিল্পকলা একাডেমীর বাস্তবায়নে বুধবার সন্ধায় মেহেরপুর ড. শহীদ সামসুজ্জোহা পার্কে এ যাত্রা উৎসবের উদ্বোধন করা হয় ।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) তৌফিকুর রহমান, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, পিপি পল্লব ভট্টাচার্য,

জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

আজকের নাটক “দেবি সুলতানা” পরিচালক মশিউজ্জামান বাবু।

ভারত সফর শেষে মেয়র ও সচিবকে সংবর্ধনা প্রদান

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজ রহমান রিটন ও সচিব তফিকুল আলম কে সংবর্ধনা দিয়েছে পৌর পরিষদ ও কর্মকর্তা-কর্মচারীরা। গতকাল বুধবার দুপুরে পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারতের দিল্লি ও রাজস্থানে ৪ দিনব্যাপী সিটি ওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন বিষয়ক কর্মশালায় যোগ দেন পৌর মেয়র ও সচিব। প্রশিক্ষণ শেষে মেহেরপুর ফিরলে তাদের সংবর্দনা প্রদান ও অভিজ্ঞতা

বিনিময় সভার আয়োজন করা হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমানের সভাপতিত্বে অভিজ্ঞতা ও মতবিনিময় সভায় বক্তব্য রাখেন পৌর সচিব তফিকুল আলম, প্র্যাকটিক্যাল এ্যকশন বাংলাদেশের প্রতিনিধি তানভীর আহমেদ, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন,জাফর ইকবাল, নুরুল হাসান রাজিব প্রমুখ। এর আগে পৌর মেয়র ও সচিব কে সংবর্ধনা জানানো হয়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিদর্শনে এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়ীয়াতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়ে মহান বিজয় দিবস উপলক্ষে পিকনিকের আয়োজন করা হয়।
বুধবার দিনব্যাপী এ অনুষ্ঠানে বিভিন্ন ধরণের খেলা ধুলা মধ্যহ্ন ভোজের অয়োজন ছিল।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি শেখ আনিছুজ্জামান লুইজের সভাপতিত্বে অনুষ্ঠান প্রধান অতিথি হিসেবে যোগ দেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মাদ সাহিদুজ্জান খোকন।

এসময় সংসদ সদস্য তিনি বলেন, প্রতিবন্ধীরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশু তাদের বিশেষ অধিকার রয়েছে। বিদ্যালয়টির প্রবেশ মুখে একটি রাস্তা দরকার। রাস্তাটি যাতে খুব দ্রুত নির্মান করা যায় সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হবে। খুব তাড়াতাড়ি ব্যবস্থা করিবেন বলে কথা দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার কাউসিলর ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদ সদস্য মিজানুর রহমান (মদন), সদস্য ও আওয়ামীলীগ নেতা শেখ শামসছদ্দীন, সহ-সভাপতি লাইলা আজুমানা আরা শিলা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুনন্নাহার,গাংনী উপজেলা ইট ভাটা মালিক সমিতি সভাপতি মনিরুজ্জামান আতু, তেঁতুলবাড়ীয়া ইউপি সাবেক চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সস্পাদক নাজমুল হুদা বিশ্বাস, আওয়ামীলীগ নেতা ওবাইদুর রহমান কমলসহ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষিকা কর্মচারীরা উপস্থিত ছিলেন। পরে ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষকারা বিভিন্ন ধরনের খেলাধুলা অংশ গ্রহন করে।
-নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় অজ্ঞাত বৃদ্ধার লাশ উদ্ধার

চুয়াডাঙ্গা সদর উপজেলার নয়মাইল নামক স্থান থেকে অজ্ঞাত (৬০) এক বৃদ্ধার লাশ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে বৃদ্ধা মানসিক ভারসাম্যহীন ছিলেন এবং সড়ক দূর্ঘটনায় তার মৃত্যু হয়েছে। মঙ্গলবার দিনগত রাত ১টার দিকে ওই নারীর লাশ উদ্ধার তরা হয়। তার পড়নে চা- পাতি রঙের ছাপা শাড়ি ও ছাই রঙের সোয়েটার রয়েছে।
চুয়াডাঙ্গা সদর থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) সুমন হোসেন জানান, মঙ্গলবার রাতে সদর থানা পুলিশের একটি টহল দল নয়মাইল এলাকার প্রধান রাস্তা থেকে গুরুতর জখম এক নারীকে উদ্ধার করে। তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এলে হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
আরো পড়ুন: চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত
সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান, সদর হাসপাতালে নিয়ে আসার আগেই ওই নারীর মৃত্যু হয়।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

‘[redacted], [redacted]-[redacted]’ [redacted] [redacted] [redacted]

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ভারত থেকে ফেন্সিডিলের একটি বড় চালান আসছে। সে অনুযায়ী আমরা টহল জোরদার করি।
সকাল ৭টার দিকে তেঁতুলবাড়িয়া রাস্তার উপরে একটি আলগামন দেখে সেখানে তল্লাশি চালিয়ে করে ১ হাজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। তবে বিজিবি সদস্যদের উপস্থিতি টের পেয়ে বহনকারীরা ফেন্সিডিল ফেলে পালিয়ে যায়।
- গাংনী প্রতিনিধি

ছাত্রলীগের কেন্দ্রীয় ৩২ নেতাকে অব্যাহতি

গঠনতন্ত্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকায় ও বিভিন্নভাবে বিতর্কিত ছাত্রলীগের ৩২ কেন্দ্রীয় নেতাকে অব্যাহতি দেয়া হয়েছে। এর মধ্যে ২১ জনকে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ও ১১ জনকে আবেদনের পরিপ্রেক্ষিতে অব্যাহতি দেয়া হয়।

মঙ্গলবার রাতে ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল নাহিয়ান খান জয় ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য দেয়া হয়। শিগগির শূন্য পদগুলো পূরণ করা হবে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত সভাপতি।

আবেদনের পরিপ্রেক্ষিতে অব্যাহতি পাওয়া ছাত্রলীগ নেতারা হলেন-সহসভাপতি : এসএম তৌফিকুল হাসান সাগর, আমিনুল ইসলাম বুলবুল, বিএম শাহরিয়ার হাসান, হাফিজুর রহমান, এসএম হাসান আতিক; স্বাস্থ্য সম্পাদক: শাহারিয়ার ফেরদৌস; উপস্বাস্থ্য সম্পাদক: রাতুল সিকদার, শাফিউল সাজিব; উপপ্রচার সম্পাদক: সিজাদ আরেফিন শাওন; উপপাঠাগার সম্পাদক: রুশী চৌধুরী; সহসম্পাদক আঞ্জুমানারা অনু।

গঠনতন্ত্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকা অব্যাহতি পাওয়া নেতারা হলেন- সহসভাপতি: তানজিল ভুঁইয়া তানভির, আরেফিন সিদ্দিক সুজন, আতিকুর রহমান খান, বরকত হোসেন হাওলাদার, শাহরিয়ার কবির বিদ্যুৎ, সাদিক খান, সোহানী হাসান তিথী, মুনমুন নাহার বৈশাখী, আবু সাঈদ

(সাস্ট), রুহুল আমিন, রাকিব উদ্দিন, সোহেল রানা, ইসমাইল হোসেন তপু; দফতর সম্পাদক: আহসান হাবীব; ধর্ম সম্পাদক: তাজউদ্দীন; উপদফতর সম্পাদক: মমিন শাহরিয়ার, মাহমুদ আবদুল্লাহ বিন মুন্সী; উপসাংস্কৃতিক সম্পাদক: বিএম লিপি আক্তার, আফরিন লাবণী; সহ-সম্পাদক: সামিয়া সরকার, রনি চৌধুরী।
সূত্র: যুগান্তর

গাংনীতে অগ্নিকান্ডে ১০টি ছাগলের মৃত্যু, প্রাণে বাঁচলেন গৃহকত্রী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ১০টি ছাগলের মৃত্যু হয়েছে।
মঙ্গলবার রাত ৯টার দিকে রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মৃত সানোয়ার হোসেনের ছেলে মনিরুল ইসলামের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।
গৃহকর্তা মনিরুল ইসলাম জানান,রাতে ঘরে ঘুমোনার জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। আমার শোবার ঘরের পাশেই মায়ের ঘর। মা ও ঘুমানোর প্রস্তুতি নিচ্ছিলেন। রাত ৯টার দিকে মায়ের ঘরের বিদ্যুতের লাইন সর্ট সার্কিট থেকে আগুন জ্বলে ওঠে। মা হাসিনা খাতুন দৌড়ে ঘর থেকে বেরিয়ে প্রাণে বাঁচেন। এসময় পাশে ছাগল ঘরে আগুন ছড়িয়ে পড়লে সাথ সাথে ১০টি ছাগল পুড়ে ছাই হয়ে যায়।
খবর পেয়ে কাথুলী বিজিবি ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে মায়ের ঘরে এক আত্মীয়ের রাখা ২ লাখ ১৩ হাজার ৫ টাকা উদ্ধার করে বিজিবি সদস্যরা।
- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কারাদণ্ডাদেশ ও ১ হাজার টাকা জরিমানা করা হয়। এর আগে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল অভিযান পরিচালনা করে তাকে আটক করে।
-মুজিবনগর অফিস